

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

অফিস আদেশ নং-০৩

এ,

তারিখ : ২৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে হাইকোর্ট বিভাগের রায় ও আদেশ আপলোড নিশ্চিত করার বিষয়ে সকল বেঞ্চ অফিসার ও সহকারি বেঞ্চ অফিসারদের নিয়ে একটি দিকনির্দেশনামূলক সভা আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, অত্র কোর্টের গত ০১ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখের ০১ নং সার্কুলারমূলে হাইকোর্ট বিভাগের রায় ও আদেশ যাতে নিয়মিতভাবে সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে আপলোড করা হয় তা নিশ্চিত করার জন্য 'Web Upload Monitoring Team' গঠন করা হয়েছে।

বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের সদয় অনুমোদনক্রমে গঠিত Web Upload Monitoring Team এর ১ম সভার সিদ্ধান্ত মতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে হাইকোর্ট বিভাগের রায় ও আদেশ আপলোড নিশ্চিত করার বিষয়ে সকল বেঞ্চ অফিসার ও সহকারি বেঞ্চ অফিসারদের নিয়ে আগামী ১৬ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৪:৩০ ঘটিকায় সুপ্রীম কোর্টের প্রশাসনিক ভবন-৪ এর দ্বিতীয় তলায় অবস্থিত সভাকক্ষে একটি দিকনির্দেশনামূলক সভার আয়োজন করেছে। উক্ত সভায় বিজ্ঞ রেজিস্ট্রার জেনারেল মহোদয় সভাপতিত্ব করবেন।

এমতাবস্থায়, হাইকোর্ট বিভাগের সকল বেঞ্চ অফিসার ও সহকারি বেঞ্চ অফিসারদের উপরি-উল্লিখিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

স্বাঃ/-

(মোঃ মিজানুর রহমান)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

ফোনঃ +৮৮০২২২৩৩৮১৮৬৫

স্মারক নং- ৩০০

এ,

তারিখ : ২৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. রেজিস্ট্রার/রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
২. অতিরিক্ত রেজিস্ট্রার/স্পেশাল অফিসার....., হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
৩. ডেপুটি রেজিস্ট্রার , হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
৪. মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব/ সচিব, আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫. সহকারী রেজিস্ট্রার (কোর্ট কীপিং), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (ভেন্যু প্রস্তুত এবং আনুসঙ্গিক বিষয়ে তদারকির অনুরোধসহ)।
৬. রেজিস্ট্রার জেনারেল-এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (বিজ্ঞ রেজিস্ট্রার জেনারেল-কে অবহিত করার অনুরোধসহ)।
৭. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী প্রোগ্রামার-৩, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (সিউই সিস্টেম সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।
৯. বেঞ্চ অফিসার জনাব হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০. সহকারী বেঞ্চ অফিসার জনাব হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১১. ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি (সকল)। মাননীয় বিচারপতি মহোদয়কে অবগত করানোর ব্যবস্থা গ্রহণ করবেন।
১২. অফিস কপি।

H/10.01/2024

(মোঃ ওমর হায়দার)

সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ০২২২৩৩৫১৭১৬